

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



“মুজিববর্ষে স্বাস্থ্য খাত  
এগিয়ে যাবে অনেক ধাপ”

নং- ৪৫.০০.০০০০.১৪৭.১৯.০৩২.২১-৫৬৩

তারিখঃ ৩১.০৮.২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ চলতি দায়িত্ব প্রাপ্তির আবেদন না করা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা দেশের বিভিন্ন মেডিকেল কলেজ, বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান, জেলা সদর ও উপজেলা হাসপাতালে (সহযোগী অধ্যাপক/সহকারি অধ্যাপক/জুনিয়র ও সিনিয়র কনসালটেন্ট এবং মেডিকেল অফিসার পদে) কর্মরত চিকিৎসকগণ প্রায়শই তাদের মূল পদের বাইরে উচ্চতর পদে চলতি দায়িত্ব প্রদানের আবেদন করেন। পদোন্নতি প্রদানের পরে পদ শূন্য নেই এধরনের বিষয়েও চলতি দায়িত্ব চেয়ে উল্লেখযোগ্য সংখ্যক চিকিৎসক আবেদন দাখিল করছেন যা অনভিপ্রেত। অপরদিকে চিকিৎসকগণ যে কর্মস্থলে কর্মরত রয়েছেন তাদের স্ব স্ব কর্মস্থলে নিজ বিষয়ে পদ শূন্য না থাকলেও চলতি দায়িত্বের জন্য আবেদন দাখিল করছেন। বিভিন্ন বিষয়ে চলতি দায়িত্ব চেয়ে চিকিৎসকগণ আবেদন প্রেরণ করায় প্রশাসনিক অন্যান্য কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

০২। যেহেতু চিকিৎসকদের জ্যেষ্ঠতা ও যোগ্যতা অনুযায়ী পদ শূন্য সাপেক্ষে এ বিভাগ হতে ধাপে ধাপে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয় সেহেতু শূন্য পদের অপ্রতুলতা থাকায় চলতি দায়িত্ব চেয়ে আবেদন প্রেরণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

  
৩১/০৮/২০২১  
(সারমিন সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৪  
[per1@hsd.gov.bd](mailto:per1@hsd.gov.bd)

**বিতরণ:**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃঃ আঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। অধ্যক্ষ/পরিচালক/তত্ত্বাবধায়ক/উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা.....
- ৩। ডাঃ.....

**অনুলিপি:**

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো। )
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।